মেহেরপুর পৌরসভা
মেহেরপুর।

'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৯/০৫/২০১৯ ইং তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ঠ "ক" তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২. UGIIP-III প্রকল্পের আওতায় ভৌত অবকাঠামো উন্নয়নের কাজের জন্য চুক্তিপত্র ও অন্যান্য কাগজপত্র প্রকল্প অফিসে প্রেরণ প্রসংগে।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৫/০৪/২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
UGIIP-III প্রকল্পের আওতায় ভৌত অবকাঠামো উন্নয়নের কাজের জন্য চুক্তিপত্র ও অন্যান্য কাগজপত্র প্রকল্প অফিসে প্রেরণ প্রসংগে।	সভাপতি মহোদয় সভায় জানান, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কার্যক্রমের উপর মেহেরপুর পৌরসভায় UGIIP-III প্রকল্পের আওতায় ভৌত অবকাঠামো উন্নয়নের কাজের জন্য অনুমোদিত ৬টি বস্তির জন্য অনুমোদন ইতি পাওয়া গেছে। অনুমোদনের আলোকে প্রতিটি বস্তি বস্তি উন্নয়ন কমিটির সভাপতি ও মেয়র মহোদয়ের দ্বি-পাক্ষিক চুক্তি সম্পন্ন হয়েছে। এর পাশাপাশি বস্তির পূর্তকাজের প্রাক্কলন কিছু সংশোধন পূর্বক তা প্রস্তুত করা হয়েছে। কাজগুলি দ্রুত সময়ের মধ্যে শুরু করতে হলে চুক্তি পত্র ও প্রাক্কলনের সংশোধীত অংশ ঢাকায় প্রকল্প অফিসে পাঠাতে হবে। বিষয়টি নিয়ে সভায় আলোচনান্তে মেয়র মহোদয়ের দৃষ্টি	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা।

	আকর্ষন করা হলে, মেয়র মহোদয় সভায় বলেন, মেহেরপুর পৌরসভায় দির্ঘদিন তেমন কোন উন্নয়ন মূলক কাজ হচ্ছে না। বস্তি পর্যায়ে প্রায় ৪ কোটি ৮০ লক্ষ টাকার কাজের অনুমোদ পাওয়া গেছে। এমতাবস্থায় যাতে দ্রুত এই কাজ শুরু করা যায় সেদিকে নজর দিতে হবে। তিনি বলেন, এই কাজগুলি যাতে কোন জটিলতা ছাড়াই করা যায় সেজন্য প্রস্তুতকৃত সমস্ত কাগজ পত্র বস্তি উন্নয়ন কর্মকর্তাকে নিজে ঢাকা গিয়ে প্রকল্প অফিসে দিয়ে আসার জন্য অনুরোধ জানান। সেই সাথে প্রকল্পের সংশ্লিষ্ঠ কর্মকর্তাদের সহিত বিষয়টি নিয়ে আরোও বিস্তারিত আলোচনার জন্য বলেন।	
বিবিধ	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড (সংরক্ষিত) জনাব মোছাঃ শিউলী খাতুন সভাপতির মাধ্যমে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন পূর্বক জানতে চান, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কার্যক্রম (PRAP) এর আওতায় প্রকল্পের কাজ ছাড়া পৌরসভার তহবিল হতে কোন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন হবে কিনা? মেয়র মহোদয় সভায় বলে, বস্তি উন্নয়ন কার্যক্রম (PRAP) এর আওতায় পৌরসভাতে অবকাঠামো উন্নয়নের কাজ অব্যাহত আছে। ইতি মধ্যে ৯ নং ওয়ার্ড ও ৭ নং ওয়ার্ডের কয়েকটি গলির পথ ইটের ছলিং করা হয়েছে, যেখানে ইতি পূর্বে কোন রাস্তায় ছিল না এবং এলাকার গরিব ও অসহায় লোক খুব কষ্ট পাচ্ছিল। এছাড়া অন্যান্য ওয়ার্ডেও বেশকিছু প্রকল্প নেওয়া হয়েছে। বিশেষ করে দারিদ্র এলাকার রাস্তাগুলি যেগুলি একবারেই চলাচলের অনুপোযোগী সেরকম রাস্তা ও ড্রেন অগ্রধিকারের ভিত্তিতে করা হবে। তিনি এই সকল কাজে সংশ্লিষ্ঠ সকল কাউন্সিলর ও এলাকাবাসির সহযোগিতা কামনা করেন।	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ আলপনা খাতুন)
কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড (সংরক্ষিত)
ও সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" (সেক্টর) প্রকল্প।
২. ...., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার তারিখঃ ২৯/০৫/২০১৯ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাব মোছাঃ শিউলী খাতুন	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	শিউলী
৩	জনাব হামিদা	কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	হামিদা
৪	জনাব মোঃ আল মামুন	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব আবু হেনা মোস্তফা কামাল	নির্বাহী প্রকৌশলী (চ.দা), মেহেরপুর পৌরসভা	29/05/19
৬	হোসনে আরা	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	হোসনেআরা
৭	মাসুদ শেখ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	মাসুদ
৮	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	
৯	মোঃ আমিরুল ইসলাম	LCDA UGIIP-3	
১০			